'समानो मन्त्रः समितिः समानी'

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Honours 1st Semester Examination, 2021

## CC1-BENGALI

Time Allotted: 2 Hours　　　　Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*

### বিভাগ-ক

১। নিম্নলিখিত যে-কোন ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ　　৩×৪ = ১২

(ক) শ্রীকৃষ্ণকীর্তন কাব্যের পুথি কে, কত সালে, কোথা থেকে আবিষ্কার করেন ? পুথিটি কোন্ প্রতিষ্ঠান থেকে, কত সালে প্রকাশিত হয় ? পুথিটির মধ্যে প্রাপ্ত চিরকূটে পুথিটির কী নাম পাওয়া যায় ?

(খ) চৈতন্য পূর্ববর্তী ও চৈতন্য পরবর্তী দুইজন বৈষ্ণব পদকর্তার নাম লেখ। এই পদকর্তাদের পদ রচনার বৈশিষ্ট্য অনধিক পাঁচ লাইনে লেখ।

(গ) মনসামঙ্গল কাব্যধারার আদি কবি কে ? পূর্ববঙ্গ ও উত্তরবঙ্গের দু'জন করে কবির নাম উল্লেখ করে মনসামঙ্গল কাব্যের চারটি বৈশিষ্ট্য লেখ।

(ঘ) চৈতন্য পূর্ববর্তী ও পরবর্তী বাংলা সাহিত্যের ছয়টি পার্থক্য-বৈশিষ্ট্য লেখ।

(ঙ) চর্যাপদ কে, কত সালে, কোথা থেকে আবিষ্কার করেন ? এই গ্রন্থটি কী নামে, কোথা থেকে, কত সালে প্রকাশিত হয় ?

(চ) মধ্যযুগের সাহিত্যের ইতিহাসে সুবর্ণযুগ বলে কোন্ সময়সীমাকে চিহ্নিত করা হয় ? এই যুগকে সুবর্ণযুগ বলা হয় কেন, সংক্ষিপ্ত পরিসরে লেখ।

### বিভাগ-খ

২। নিম্নলিখিত যে-কোন ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ　　৬×৪ = ২৪

(ক) টীকা লেখঃ

দ্বিজ মাধব, সন্ধ্যা ভাষা

(খ) চণ্ডীমঙ্গল কাব্যের শ্রেষ্ঠ কবি কাকে বলা হয় ? তাঁর কাব্যকৃতি আলোচনা কর।

(গ) ''মহাভারতের কথা অমৃত সমান'' – কবি কথিত এই উক্তি তাঁর মহাভারতের অনুবাদকে কতটা মৌলিক করে তুলেছে, সংক্ষিপ্ত আকারে তার পরিচয় দাও।

(ঘ) চর্যাপদে প্রতিফলিত তদানীন্তন সমাজের যে চালচিত্র পাওয়া যায়, তার পরিচয় দাও।

(ঙ) বৈষ্ণব কবি হিসাবে কবি চণ্ডীদাসের নিজস্বতা নিজের ভাষায় লেখ।

(চ) বাংলার সমাজ-সংস্কৃতিতে তুর্কী আক্রমণের প্রভাব সম্পর্কে আলোচনা কর।



Maynaguri College Library

**বিভাগ-গ**

৩। নিম্নলিখিত যে-কোন ***দুটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১২×২ = ২৪

(ক) বাংলা সাহিত্যে কবি বিদ্যাপতিকে অন্তর্ভুক্তির যৌক্তিকতা বিচার কর।

(খ) আরাকান রোসাঙ রাজসভার সাহিত্য মধ্যযুগের বাংলা সাহিত্যের ইতিহাসে কেন বিশেষভাবে উল্লেখযোগ্য। এই রাজসভার অন্যতম কবি সৈয়দ আলাওলের কাব্যের সংক্ষিপ্ত পরিচয় দাও।

(গ) শ্রীকৃষ্ণকীর্তন কাব্যের গুরুত্ব বাংলা সাহিত্যের ইতিহাসে কীভাবে ব্যাখ্যাত হয়, আলোচনা কর। প্রসঙ্গত এই কাব্যের গঠনগত বৈচিত্র্য কী ? তার সানুপুঙ্খ উত্তর দাও।

(ঘ) চর্যা পূর্ববর্তী বাঙালির সাহিত্যচর্চার পরিচয় দাও।

——×——

Maynaguri College Library

'समानो मन्त्रः समितिः समानी'

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Honours 1st Semester Examination, 2021

## CC2-BENGALI

Time Allotted: 2 Hours | Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*

১। নিম্নলিখিত যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২

(ক) রামায়ণের কাণ্ড কয়টি ? পর্যায়ক্রমে তাদের নাম লেখো।

(খ) রামায়ণের 'উত্তরাকাণ্ড' অবলম্বনে ছয়টি লৌকিক খাদ্যের নাম উল্লেখ করো।

(গ) বৈষ্ণব পদাবলী সাহিত্যে রস কয়টি ও কি কি ? এদের মধ্যে শ্রেষ্ঠ রস কোন্‌টি ?

(ঘ) 'এ সখি হামারি দুখের নাহি ওর' – পদটির পদকর্তা কে ? কোন্ পর্যায়ের পদ ? 'ওর' শব্দটির অর্থ কী ?

(ঙ) 'ওরে নবমী নিশি, না হইও রে অবসান' – পদকর্তা কে ? কোন্ পর্যায়ের পদ ? বক্তা নবমী নিশিকে অবসান হতে নিষেধ করেছেন কেন ?

(চ) 'ভক্তের আকৃতি' বলতে কী বোঝো ? এই পর্যায়ের শ্রেষ্ঠ কবি কে ?

২। নিম্নলিখিত যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪

(ক) কৃত্তিবাস ওঝার 'শ্রীরাম পাঁচালি' বাল্মীকি রামায়ণের হুবহু অনুবাদ নয় – এতে কবির স্বকীয়তাও রয়েছে, 'উত্তরাকাণ্ড' অবলম্বনে বিষয়টি স্পষ্ট করো।

(খ) রামায়ণের 'উত্তরাকাণ্ড' অনুসরণে লক্ষ্মণ চরিত্রের পরিচয় দাও।

(গ) 'কন্টক গাড়ি কমলসম পদতল' – পদটি কোন্ পর্যায়ের ? এই পর্যায়ের সংজ্ঞা দাও। পদটির কাব্যসৌন্দর্য বিচার করো।

(ঘ) গৌরচন্দ্রিকা কাকে বলে ? গৌরাঙ্গ বিষয়ক পদের সঙ্গে এর মিল ও অমিল আলোচনা করো।

(ঙ) 'আগমনী' পর্যায়ের পদ রচনায় কমলাকান্তের কৃতিত্ব আলোচনা করো।

(চ) 'বিজয়া' পর্যায়ের পদ অবলম্বনে মেনকার মাতৃহৃদয়ের পরিচয় দাও।

৩। নিম্নলিখিত যে-কোনো ***দুটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১২×২ = ২৪

(ক) 'উত্তরাকাণ্ড' মূল রামায়ণের প্রক্ষিপ্ত অংশ কিনা বিচার করো।

(খ) পূর্বরাগ পর্যায়ের সংজ্ঞা দাও। অনুরাগ পর্যায়ের সঙ্গে এর পার্থক্য আছে কী ? পূর্বরাগ পর্যায়ের শ্রেষ্ঠ কবির কাব্যকৃতির পরিচয় দাও।

(গ) বৈষ্ণব পদাকর্তাগণ আগে ভক্ত, পরে কবি — আলোচনা করো।

(ঘ) শাক্ত পদাবলীতে অষ্টাদশ শতাব্দীতে বাংলার অবক্ষয়ের চিত্র ধরা পড়েছে — আলোচনা করো।

——×——

Maynaguri College Library

'समानो मन्त्रः समितिः समानी'

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Programme 1st Semester Examination, 2021

## DSC1/2-P1-BENGALI

Time Allotted: 2 Hours | Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*

১। নিম্নলিখিত যে-কোন ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২

(ক) ফোর্ট উইলিয়াম কলেজের তিনজন পণ্ডিতের নাম ও তাঁদের রচিত একটি করে গ্রন্থের নাম লেখ।

(খ) বাংলা গীতিকবিতার ধারায় কাকে 'ভোরের পাখি' বলা হয় ? তাঁর দুটি কাব্যগ্রন্থের নাম বল।

(গ) 'সধবার একাদশী' কে রচনা করেন ? এটি কোন্ শ্রেণীর নাটক ? এই নাটকের নায়কের নাম কী ?

(ঘ) 'চোখের বালি'-র রচয়িতা কে ? এটি কত সালে, কোন্ পত্রিকায় প্রকাশিত হয় ?

(ঙ) প্রাচীন বাংলা ভাষার তিনটি বৈশিষ্ট্য লেখ।

(চ) বাংলা শব্দভাণ্ডারে আর্যেতর ভাষাবংশ থেকে আগত তিনটি শব্দের উদাহরণ দাও এবং ভাষাবংশের উল্লেখ কর।

২। নিম্নলিখিত যে-কোন ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪

(ক) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের অনুবাদমূলক রচনাগুলির সংক্ষিপ্ত পরিচয় দাও।

(খ) বাংলা নাট্যসাহিত্যে মাইকেল মধুসূদন দত্তের অবদান আলোচনা কর।

(গ) রবীন্দ্রনাথ ঠাকুরের একটি গদ্যকবিতা গ্রন্থ সম্পর্কে সংক্ষেপে আলোচনা কর।

(ঘ) মধ্যযুগের বাংলা ভাষার কালসীমা উল্লেখ কর। এই ভাষার প্রধান বৈশিষ্ট্যগুলি লেখ।

(ঙ) অর্থোন্নতি এবং অর্থাবনতির সংজ্ঞা দৃষ্টান্ত সহযোগে আলোচনা কর।

(চ) উপভাষা কাকে বলে ? একটি উপভাষার ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি আলোচনা কর।

৩। নিম্নলিখিত যে-কোন ***দুটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১২×২ = ২৪

(ক) 'দিগদর্শন' থেকে 'বঙ্গদর্শন' পর্যন্ত সাময়িক পত্রিকার অবদান আলোচনা কর।

(খ) বঙ্কিমচন্দ্রের উপন্যাসের শ্রেণীবিভাগ করে ইতিহাসাশ্রয়ী উপন্যাসগুলির সংক্ষিপ্ত পরিচয় দাও।

(গ) ধ্বনি পরিবর্তনের কারণ ও সূত্রগুলি আলোচনা কর।

(ঘ) পৌরাণিক নাটক রচনায় গিরিশচন্দ্র ঘোষের কৃতিত্বের পরিচয় দাও।

——×——



Maynaguri College Library

'समानो मन्त्रः समितिः समानी'

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Honours 1st Semester Examination, 2021

## GE1-P1-BENGALI

### বাংলা সাহিত্য ও বাংলা ভাষার ইতিহাস

Time Allotted: 2 Hours Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*

Maynaguri College Library

### বিভাগ-ক

১। নিম্নলিখিত যে-কোন ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২

(ক) প্রকাশকাল অনুযায়ী ক্রমান্বয়ে বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের উপন্যাসগুলির নাম লেখ।

(খ) বাংলা সাহিত্যে 'ভোরের পাখি' কাকে বলা হয় ? তাঁকে এই নাম দেবার কারণ কী ?

(গ) স্বরসঙ্গতি কাকে বলে ? উদাহরণসহ এর প্রকারভেদগুলির নাম লেখ।

(ঘ) 'বৃত্রসংহার' কাব্যের লেখক কে ? এটি কী জাতীয় গ্রন্থ ? এই গ্রন্থে কাকে নায়ক রূপে বর্ণনা করা হয়েছে ?

(ঙ) 'জোড়কলম' কী ? এ জাতীয় শব্দের তিনটি উদাহরণ দাও।

(চ) 'নীলদর্পণ' নাটকের রচয়িতা কে ? এই নাটক রচনার প্রেক্ষাপটে বর্ণিত তদানীন্তন কৃষক সমাজের কোন্ চিত্র প্রতিফলিত হয়েছে ?

### বিভাগ-খ

২। নিম্নলিখিত যে-কোন ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪

(ক) যুগসন্ধির কবি হিসাবে ঈশ্বরগুপ্তের কাব্যপ্রতিভার মূল্যায়ন কর।

(খ) গিরিশচন্দ্র ঘোষের পৌরাণিক নাটকগুলির নাম লেখ ও তাঁর একটি প্রতিনিধিস্থানীয় পৌরাণিক নাটকের সংক্ষিপ্ত পরিচয় দাও।

(গ) টীকা লেখঃ

আরণ্যক, পুতুল নাচের ইতিকথা ।

(ঘ) টীকা লেখঃ

স্বরভক্তি, অপিনিহিতি, লোকনিরুক্তি।

(ঙ) রামমোহন রায় সাহিত্যিক ছিলেন না, তবু বাংলা গদ্য সাহিত্যে তাঁর অনেক অবদান আছে — বিষয়টি পর্যালোচনা কর।

(চ) বাংলা নাটক রচনার ইতিহাসে মধুসূদন দত্তের অবদান উল্লেখ কর।

## বিভাগ-গ

৩। নিম্নলিখিত যে-কোন ***দুটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১২×২ = ২৪

(ক) রেখাচিত্রের সাহায্যে বাংলা ভাষার উদ্ভবের ইতিহাস বিবৃত কর।

(খ) বাংলা ছোটগল্প রচনার ধারায় রবীন্দ্রনাথ ঠাকুরের কৃতিত্ব বিচার কর।

(গ) বাংলা উপভাষা কয়টি ? অঞ্চলভেদে উপভাষাগুলির নাম লেখ ও ‘কামরূপী’ উপভাষার ধ্বনিতাত্ত্বিক ও রূপতাত্ত্বিক বৈশিষ্ট্য লেখ।

(ঘ) ফোর্ট উইলিয়াম কলেজ প্রতিষ্ঠার প্রাথমিক উদ্দেশ্য কি ছিল ? এই কলেজে বিভিন্ন সময়ে চর্চিত বাংলা গদ্যের পরিচয় দাও।

——×——

Maynaguri College Library

'समानो मन्त्रः समितिः समानी'

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A./B.Com. Programme 1st Semester Examination, 2021

## LCC1-P1-BENGALI (MIL)

Time Allotted: 2 Hours　　　　Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*

১। নিম্নলিখিত যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ　　৩×৪ = ১২

(ক) অভিযোগপত্র কাকে বলে ? এই ধরনের পত্রের উদ্দেশ্য কী ?

(খ) নিমন্ত্রণপত্র রচনার সূত্রগুলি লেখো।

(গ) শ্রেণিবদ্ধ বিজ্ঞাপন কাকে বলে ? দু'টি উদাহরণ দাও।

(ঘ) সাক্ষাৎকার কী ? সাক্ষাৎকারের শ্রেণিবিভাগ করো।

(ঙ) চাকরির আবেদনপত্র রচনার মূলসূত্রগুলি কী ?

(চ) প্রশাসনিক বিজ্ঞাপন কী ? উদাহরণ দাও।

২। নিম্নলিখিত যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ　　৬×৪ = ২৪

(ক) কলেজের প্রাঙ্গণে র‍্যাগিং-এর ঘটনার অভিযোগ জানিয়ে অধ্যক্ষকে একটি অভিযোগপত্র লেখো।

(খ) একজন নিখোঁজ ব্যক্তির সন্ধান চেয়ে সংবাদপত্রে প্রকাশের জন্য একটি বিজ্ঞাপনের খসড়া রচনা করো।

(গ) বিবাহের নিমন্ত্রণপত্রে হিন্দু রীতি ও মুসলীম রীতির কী তফাৎ দেখতে পাওয়া যায় ?

(ঘ) শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার উল্লেখ করে বিদ্যালয়ে শিক্ষক পদের জন্য একটি আবেদনপত্র রচনা করো।

(ঙ) বর্তমান কোভিড পরিস্থিতি বিষয়ে একজন চিকিৎসকের সঙ্গে সাক্ষাৎকারের খসড়া প্রস্তুত করো।

(চ) একটি কবিতার কাব্যসৌন্দর্য বিচার করতে গেলে কোন্ বিষয়গুলির উপর মনোযোগ দেওয়া প্রয়োজন ?

৩। নিম্নলিখিত যে-কোনো ***দুটি*** প্রশ্নের উত্তর দাওঃ　　১২×২ = ২৪

(ক) সাক্ষাৎকার গ্রহণের পদ্ধতি সম্পর্কে বিস্তারিত আলোচনা করো।

(খ) জনকল্যাণমূলক বিজ্ঞাপন বলতে কী বোঝো ? তোমার এলাকায় ডেঙ্গুর প্রকোপ সম্পর্কে সচেতনতা প্রদানের জন্য একটি বিজ্ঞাপনের খসড়া রচনা করো।

(গ) অসুস্থতার কারণে তুমি কয়েকদিন কলেজ আসতে না পারায় অধ্যক্ষের কাছে ছুটির অনুমোদন চেয়ে একটি পত্র রচনা করো। এই ধরনের পত্রের সঙ্গে কীরকম ক্রোড়পত্র সংযোজন করবে ?

(ঘ) তোমার পঠিত যে-কোনো একটি কবিতার কাব্যসৌন্দর্য বিচার করো।

——×——

Mayinaguri College Library